বিনিয়োগ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩
(www.bepza.gov.bd)

সূত্র নং-০৩.০৬.১৫৩৫.৩৩৩.৩৩.৯৭.২৩-৪৬৪

তারিখঃ ০৫ মার্চ ২০২৬

## নিলাম বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ইপিজেডস্থ বন্ধ হয়ে যাওয়া Readymade Garments প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান M/s. NLZ Fashion Ltd, Plot # 02, Sector-04/A, Chattogram EPZ এর ইনভেন্টরীকৃত ও মূল্য নিরূপনকৃত স্থাপনা, মেশিনারি, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রয় অথবা পরিচালনার লক্ষ্যে আগ্রহী দেশী/বিদেশী ক্রেতা/কোম্পানীসমূহের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্ত ও নিয়মাবলী :**

১) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ইপিজেডস্থ কোম্পানী (দেশী/যৌথ বিনিয়োগ/বিদেশী) অথবা ইপিজেডের বাহিরে অবস্থিত যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান উক্ত কোম্পানীর স্থাপনা, মেশিনারি, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ক্রয়ের উদ্দেশ্যে নিলামে প্রচলিত বিধি মোতাবেক অংশগ্রহণ করতে পারবে;

২) শিল্প প্রতিষ্ঠানটির বিদ্যমান মালামালসমূহের মধ্যে যে সকল মালামাল শুল্কমুক্তভাবে আমদানি করা হয়েছে সে সকল মালামাল ইপিজেডের বাহিরে শুল্ক এলাকায় ব্যবহারের ক্ষেত্রে সফল দরদাতা নিয়মানুযায়ী ভ্যাট, ট্যাক্স ও প্রদেয় কাষ্টমস শুল্ক পরিশোধ করবেন;

৩) বেপজার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ উদ্ধৃত মূল্যের ১৫% সমপরিমান অর্থ (সফল দরদাতার জন্য অফেরৎ যোগ্য এবং অসফল দরদাতার জন্য ফেরৎ যোগ্য) একটি মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/এফডিডি অথবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন মাধ্যমে দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করে জমা দিতে হবে। জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গণ্য হবে;

৪) আগামী **০৫-০৬ এপ্রিল ২০২৬** তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত কোম্পানীর ইনভেন্টরীকৃত স্থাপনা, মেশিনারি, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে এবং মালামাল পরিদর্শন ও মালামালের তালিকার বিষয়ে চট্টগ্রাম ইপিজেডের নির্বাহী পরিচালক এর সহিত সরাসরি যোগাযোগ করে জানা যাবে;

৫) কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হলে ১৫ দিনের মধ্যে সফল দরদাতাকে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থের উপর প্রযোজ্য আয়কর ও ভ্যাটসহ অবশিষ্ট ৮৫% বেপজা বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/এফডিডি অথবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন মাধ্যমে পরিশোধ করতে হবে এবং বেপজা ও কাষ্টমস কর্তৃপক্ষের নিয়মানুযায়ী স্থাপনা, মেশিনারি, যন্ত্রপাতি ও অন্যান্য মালামালসমূহ ডেলিভারী নিতে হবে;

৬) দরপত্র আগামী **০৬ এপ্রিল ২০২৬** তারিখ পর্যন্ত হিসাব শাখা, চট্টগ্রাম ইপিজেড, ঢাকা ইপিজেড, আদমজী ইপিজেড, কুমিল্লা ইপিজেড, কর্ণফুলী ইপিজেড, মোংলা ইপিজেড, ঈশ্বরদী ইপিজেড, উত্তরা ইপিজেড এবং বেপজা নির্বাহী দপ্তরের হিসাব শাখা হতে অফিস চলাকালীন সময়ে ৫,০০০.০০ টাকার (অফেরৎ যোগ্য) বিনিময়ে ক্রয় করা যাবে;

৭) দরপত্রসমূহ আগামী **১৩ এপ্রিল ২০২৬** তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে নির্বাহী পরিচালক, চট্টগ্রাম ইপিজেড এর দপ্তরে রক্ষিত টেন্ডারবাক্সে জমা দেয়া যাবে এবং দাখিলকৃত দরপত্রসমূহ একই তারিখে দুপুর ১২:৩০ ঘটিকায় নির্বাহী পরিচালক, চট্টগ্রাম ইপিজেডের দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) উন্মুক্ত করা হবে। নিলাম দরপত্রের সাথে হালনাগাদ ভ্যাট, টিআইএন এবং ট্রেড লাইসেন্সের কপি সংযুক্ত করতে হবে; তবে ইপিজেডে বিনিয়োগে আগ্রহী সম্পূর্ণ নতুন শতভাগ বিদেশি মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য;

৮) বন্ধ শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনায় আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/বিনিয়োগকারীর নিকট নিলামে বিক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

৯) প্রযোজ্য ক্ষেত্রে সফল দরদাতাকে বিধি মোতাবেক বেপজার প্রকল্প অনুমোদন প্রক্রিয়া অনুসরণপূর্বক ইপিজেডে শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনার অনুমতি গ্রহণ করতে হবে;

১০) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা সকল দরপত্র বাতিল করা ছাড়াও দরপত্র প্রত্যাশা অনুযায়ী পাওয়া না গেলে তা বাতিল করত: পরবর্তী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

**স্বা/-**

মসিহউদ্দিন বিন মেসবাহ
নির্বাহী পরিচালক
☏ ০২৩৩৩৩৪১৪৪৬
ই-মেইলঃ ed.cepz@bepza.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য ঃ**

১. মহাপরিচালক, সি.পি.টি ইউ, আই, আ.ই.ডি, পরিকল্পনা মন্ত্রনালয়, ব্লক-১২, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা, তাকে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
২. কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২ এম এম আলী, রোড, লালখান বাজার, চট্টগ্রাম।
৩. নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা (আগামী ১২ মার্চ ২০২৬ তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি দুইটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক-(একটি ইংরেজী, একটি বাংলা) ও একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হল এবং ১০ কপি বাংলা ও ইংরেজী মূল বিজ্ঞপ্তি সংযুক্ত করা হল)।
৪. নির্বাহী পরিচালক (এম আই এস), বেপজা, ঢাকা (নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি বেপজা এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫. নির্বাহী পরিচালক (বিউ), বেপজা, ঢাকা।
৬. প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, বেপজা, ঢাকা, নির্বাহী পরিচালক, ঢাকা ইপিজেড, আদমজি ইপিজেড, কুমিল্লা ইপিজেড, কর্ণফুলী ইপিজেড, মোংলা ইপিজেড, ঈশ্বরদী ইপিজেড, উত্তরা ইপিজেড (দরপত্র বিক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. অতিরিক্ত নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব/কঃ অঃ/শিঃ সঃ/প্রশাসন), চট্টগ্রাম ইপিজেড।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম ইপিজেড।
৯. একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
১০. উপ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, সিইপিজেড ডিভিশন, চট্টগ্রাম।
১১. সমন্বয় কর্মকর্তার মাধ্যমে সদস্য (বিনিয়োগ উন্নয়ন/অর্থ/প্রকৌশল), বেপজা, ঢাকা।
১২. নোটিশ বোর্ড নির্বাহী দপ্তর/চট্টগ্রাম ইপিজেড/ঢাকা ইপিজেড/কুমিল্লা ইপিজেড/